



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন শাখা-৫  
শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।



জরুরি  
অতি গোপনীয়  
তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮  
২৬ জুলাই ২০২১

নম্বর ০৯.০০.০০০০.০৭৬.২৪.২১২.২১-১৮১

...

বিষয়: বাংলাদেশ মিশনের ইকনমিক উইং-এ ‘ইকনমিক কাউন্সেলর’ পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীন বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনের ইকনমিক উইং-এ ইকনমিক কাউন্সেলর পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত ‘জীবন বৃত্তান্ত ছক’ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নপত্রসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও ইকনমিক উইং	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ দূতাবাস রোম, ইতালি	১ (এক) টি	বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডারভুক্ত পদে কর্মরত জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে ইতালি সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা করা

#### শর্তাবলী:

ক। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডারভুক্ত পদে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬/০৮/২০২১ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে নির্ধারিত ‘জীবন বৃত্তান্ত ছক’ পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবিসহ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দ: আ: অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)] বরাবরে আবেদন করতে হবে।

খ। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গ। আবেদনকারীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে এবং তাঁর চাকরি স্থায়ী হতে হবে।

ঘ। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

ঙ। সে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে

প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনস্যুলেটের একই পদে বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

চ। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

ছ। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

জ। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের বিধানাবলী অনুসরণ করা হবে।

ঝ। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২। আবেদনকারীকে পূরণকৃত ‘জীবন বৃত্তান্ত ছক’ এর সফট কপি (সংলগ্নি ছাড়া) মাইক্রোসফট ওয়ার্ড এর .docx রূপে ‘নিকস’ ফন্টে ই-মেইলে (admin5@erd.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা

২৬-৭-২০২১

মোছাঃ উলফৎ আরা বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪৮১১২০১৮

ইমেইল: admin5@erd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (তঁার আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)

৪) সিনিয়র সচিব/সচিব (সকল), . . . . . মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা (তঁার অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তঁার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি

৬) বিভাগীয় কমিশনার, (সকল) . . . . . (তঁার অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)

৭) একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৮) উপসচিব (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা

- ৯) সিনিয়র সহকারী সচিব (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা
- ১০) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২) সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ